''সত্যবাদী হও এবং সময় অনুসারে হৃদয়বান হয়ে অসীম বৃত্তি, দৃষ্টি ও কৃতি বানানোর দৃঢ় সংকল্পের দীপ জ্বালাও''

আজ ভালবাসার সাগর বাপদাদা নিজের অতি প্রিয় মিষ্টি মিষ্টি বাচ্চাদের সাথে মিলন উদযাপন করতে এসেছেন। তোমরা সবাইও মিলন উদযাপন করতে এসেছো তো, তাই না! ছুটতে ছুটতে এখানে এসে পৌঁছেছো। তাইতো বাপদাদাও বাচ্চাদের সাথে মিলনের জন্য দৌড়ে দৌড়ে এসেছেন। তোমরা সবাই তো এই লোক থেকে এসেছো আর বাপদাদা পরলোক ও সূক্ষ্মলোক থেকে এসেছেন। তাহলে সবচাইতে দূর থেকে কে এসেছেন? কে দূরদেশী? ডবল ফরেনার্স দূরদেশী? না। সবথেকে দূর হতে দূর, দূরদেশী তো বাবাই। এইবার ডবল বিদেশি এবং ভারতবাসী বাচ্চাদের একটা ব্যাপারে বাপদাদা খুব গর্বিত। কোন ব্যাপারে গর্বিত? বলো। বিশেষভাবে ডবল বিদেশি বাচ্চাদের সাহস দেখে বাপদাদার গর্ব হয়, পরিস্থিতি যেমনই হোক মিলনের জন্য তোমরা পৌঁছেই গেছো। ড্রামা খেলাও দেখিয়েছে, কিন্তু বাবা আর বাচ্চাদের মিলন ড্রামাও থামাতে পারেনি। তো এমন সাহস বজায় রাখা বাচ্চাদের বাপদাদা বিশেষ বরদান বর্ষণ করছেন।

আজ এই মুহূর্তে যে বাচ্চা যে বরদানই চাইবে সেই বরদান পাবে। সহজে প্রাপ্ত হবে, কিন্তু এই বরদান প্রতিদিন অমৃতবেলায় কর্মযোগী স্থিতিতে বার বার হৃদয় থেকে স্মরণ ক'রো। নিরাশ হয়ো না। বরদান প্রাপ্ত হয়েছে, শুধু যেমন স্থূল নয়নের মাঝখানে নিরন্তর বিন্দু ঝলমল করে, ঠিক তেমনই সদা নয়নে বাবা বিন্দুও নিরন্তর সমাহিত করে রাখো, রাখতে পারো, নাকি মুশকিল হয়? (সহজ) তাহলে, যেরকম স্থূল বিন্দু নিরন্তর রয়েছে, সেরকম নয়নে বাবা বিন্দুও যেন নিরন্তর সমাহিত হয়ে থাকেন। সমাহিত করেছ? ফিট (মাপমতো) হয়েছে? বেরিয়ে যাবে না তো? যদি নয়নে বাবা বিন্দু নিরন্তর সমাহিত হয়ে থাকেন তবে আর কোনো দিকেও নয়ন আকৃষ্ট হবে না। পরিশ্রম থেকে রেহাই পাবে। অন্যদিকে নজর যাবেই না। একদম সেফ হয়ে যাবে। যা কিছু হয়ে যাক, কিন্তু নয়নে সদা বিন্দু বাবা যেন সমাহিত হয়ে থাকেন। সদা নয়নে যদি সমাহিত থাকেন তবে হৃদয়েও তিনি সমাহিত হয়ে থাকবেন। সুতরাং হৃদয়ে এবং নয়নে সমাহিত করার বিধি হলো - বাপদাদা, সাহেবকে (প্রভু) প্রসন্ন করা। তো প্রভু প্রসন্ন হয়েছেন? তোমরা মনে করো বাপদাদা সাহেব তোমাদের প্রতি প্রসন্ন? (কিছু বলেছে ৯৯, কিছু বলেছে ৭৫ পার্সেন্ট) ধন্য তোমরা। বাপদাদাকে সন্তুষ্ট করা সহজ। বাপদাদাকে সন্তুষ্ট করার সহজ সাধন হলো "সত্য হৃদয়"। সত্য হৃদয়ে প্রভু প্রসন্ন হন। সব কর্মে সত্যবাদী। সত্য মহান। যাদের সত্য হৃদয় রয়েছে, তাদের সংকল্প সদা বাণী আর কর্মতে, সম্বন্ধ-সম্পর্কে 'গূঢ়ার্থ উন্মোচনে পারদর্শী' (রাজযুক্ত) অর্থাৎ যারা গূঢ়ার্থ বোঝে, সেই অনুসারে চলে। আর আমরা কতটা গূঢ়ার্থ উদ্ধার করতে পেরেছি তা' পরখ করার লক্ষণ হলো - যদি গূঢ়ার্থ জানে তবে তারা কখনও নিজের স্ব-স্থিতি দ্বারা অসন্তুষ্ট হবে না অর্থাৎ নিরাশ হবে না এবং সংকল্পেও বৃত্তি দ্বারা, দৃষ্টি দ্বারা কাউকে অসন্তুষ্ট করবে না। কারণ সে সবার এবং নিজের সংস্কার স্বভাব জানা গূঢ়ার্থ উদ্ধারে পারদর্শী। সুতরাং বাবাকে সন্তুষ্ট করার বিধি হলো - গূঢ়ার্থ বুঝে চলা এবং গূঢ়ার্থ উদ্ধারে পারদর্শী অর্থাৎ না নিজের মধ্যে অসন্তুষ্টি আসবে, না অন্যদের অসন্তুষ্ট করবে।

সদা সময় অনুসারে নিজের মন, বুদ্ধিকে স্বপ্নের মধ্যে পর্যন্ত শুভ আর শুদ্ধ রাখো। অনেক বাচ্চা অধ্যাত্ম বার্তালাপ করার সময় ব'লে থাকে - বাপদাদা তো শক্তি দেন কিন্তু সময়মতো শক্তি ইউজ হয় না। বাপদাদা বিশেষভাবে সব বাচ্চার সাথী হওয়ার সম্বন্ধে এমন সময়ে বিশেষ করে এক্সট্রা সহায়তা দেন, কেন? বাবা দায়বদ্ধ, বাচ্চাদের সম্পন্ন বানিয়ে সাথে নিয়ে যাওয়ার জন্য। তাইতো বাবা নিজের দায়িত্ব এরকম সময়ে বিশেষভাবে পালন করেন, কিন্তু কখনো কখনো বাচ্চাদের মনের ক্যাচিং পাওয়ারের সুইচ অফ হয়ে থাকে, সুতরাং বাবা কী করবেন? তবুও তো বাবা সুইচ অন করার, খোলার চেষ্টা করেন কিন্তু টাইম লেগে যায়। সেইজন্য যখন আবার সুইচ অন হয়ে যায় তখন বলে - করা তো উচিত ছিল না, কিন্তু হয়ে গেছে। অতএব, সদা নিজের মনের ক্যাচিং পাওয়ার, যাকে তোমরা ব'লে থাকো টাচিং, সেই টাচিং এবং ক্যাচিং পাওয়ারের সুইচ অন রাখো। মায়া চেষ্টা করে অফ করার, সেকেন্ডে অফ করে চলে যায়, সুতরাং সময় যেরকম দুর্বল হয়ে উঠছে, এখন আরও সেরকম হওয়ার আছে। ভয় তো পাও না, তাই না? বাপদাদা আগেও বলেছেন যে তোমরা সবাই কেন বর্ষ উদযাপন করেছো? কোন বর্ষ উদযাপন করেছ? সংস্কার দ্বারা সংসার পরিবর্তনের। পাক্কা তো না! উদযাপন করেছো, করেছো না! নাকি ভুলে গেছো? (তোমরা উদযাপন করছ) তাইতো বাচ্চারা সংসার পরিবর্তনের দৃঢ় সংকল্প নিলে প্রকৃতি বাবাকে জিজ্ঞাসা করে যে আমি প্রস্তুতি নিচ্ছি পরিষ্কার করার, কিন্তু যারা পরিষ্কার করার নিমিত্ত তারা করতে করতে চিন্তায় পড়ে যায়, দ্বিধান্বিত হয় - করবো নাকি করবো না! তাড়াতাড়ি করবো নাকি ধীরে করবো! তাহলে, আমি কী

করবো? প্রকৃতি জিজ্ঞাসা করে তো বাপদাদা প্রকৃতিকে কী জবাব দেবেন? ডবল বিদেশি বলো। (একটু যেন অপেক্ষা করে) এটা তো ঠিক জবাব নয়। যদি ডবল বিদেশি অপেক্ষা করবে তবে প্লেন পাবে না। এখন তো প্লেন পেয়ে গেছ তো না! প্লেনে ঘুমাতে ঘুমাতে এসেছ, তাই না! আরামে এসে গেছ, গেছ না! সমগ্র সভার মধ্যে থেকে কারও এখানে আসতে মুশকিল হয়েছে? হাত তোলো। (একজন বললো যে আমাদের প্লেন এক বার ফিরে গেছিল) টাইমে পৌঁছে তো গেছো! এটা মনোবলের ব্যাপার। যে সামান্য ভয় পাবে সে ব'সে গেল। তোমরা দৃঢ় সংকল্প করেছ, যেতেই হবে তো পৌঁছে গেছ। শুধু একটা প্লেন ফিরে গেছিল, তো ঠিক আছে না! সেটা কোনো ব্যাপারই না, পরে ভালো কিছু প্রাপ্ত হবে। এখন প্রথমে তো প্রকৃতিকে এবং যারা পরিষ্কার করবে তাদেরকে চিন্তায় ফেলো না, কেননা, যারা স্থাপন-নির্বাহ করছে তারা এখনও কখনো কখনো চিন্তায় পড়ে যায়। কী করবো, এভাবে করবো, করবো না! ঠিক হবে কি হবে না! একদম স্পষ্ট হতে হবে হ্যাঁ অথবা না। এটা পরিষ্কার ধারণা হওয়া উচিত কোনটা রাইট, কোনটা রং। তবে প্রকৃতি তোমাদের বর্ষ উদযাপনের কারণ প্রস্তুত করবে। এখনও করছে কিন্তু স্থাপনের নিমিত্ত হওয়া আত্মাদের এখন কোনও বিষয়ে নিজের জন্য বা অন্যদের জন্য ভাবনাতে সময় ব্যয় করা উচিত নয়। সেকেন্ডে তোমাদের যেন ক্লিয়ার টাচিং হয়। বিন্দু লাগাতে কত টাইম লাগে? (সেকেন্ড) সুতরাং যখন প্র্যাকটিক্যাল লাইফে বিন্দু লাগাও তখন সেকেন্ড লাগে? যে কোনো বিষয়ে বিন্দু লাগাতে কিংবা বিন্দু রূপ স্থিতিতে স্থিত হতে সেকেন্ড লাগে? মনে করো, কোনও পরিস্থিতি তোমাদের সামনে এসে গেছে, তা'তে বিন্দু লাগাতে সেকেন্ড লাগে? পান্ডবদের সেকেন্ড লাগে? (কখনো কখনো) পান্ডবদের বিন্দু লাগাতে টাইম লাগে! তারা (শক্তিরা)তো বলছে সেকেন্ড লাগে। শক্তিদের সেই শক্তি আছে? (পান্ডব সত্য বলে) না, উভয়েই সত্য, কারণ, হতে পারে তাদের এখন বিন্দু লাগবে, তোমাদের এখন হয়তো লাগবে না। সেইজন্য তফাৎ হয়ে যায়। তা' নয়তো সবাই সত্য। তোমরা সবাই সত্য হৃদয়ের। আচ্ছা।

হল তো পরিপূর্ণ। (নিচে পান্ডব ভবনেও বসে আছে) বসে আছে তো নিচে কিন্তু তারা বাপদাদার সামনে আছে। যারা দেশ বিদেশে এই স্মরণে বসে আছে - বাপদাদা মধুবনে এসে গেছেন, তারা নিজের নিজের দূরদৃষ্টির দূরবীন দ্বারা সবকিছু দেখছে। তো তারাও এখন বাবার সামনে আসছে; কীভাবে দূরে বসেও তারা মন দ্বারা মধুবনে রয়েছে। তোমাদের এই সাকার বতনের সাধন তো নিচে উপর হতে পারে কিন্তু এই আধ্যাত্মিক দূরদৃষ্টি, দূরদর্শিতার দৃষ্টি কখনো খারাপ হতে পারে না। তো বাপদাদার সামনে চতুর্দিকের সেবাকেন্দ্রের সব বাচ্চা দৃশ্যমান। আচ্ছা।

দীপাবলি উদযাপন করেছো? সঙ্গম যুগ হলোই উদযাপন করার যুগ। হয় অন্তর্মুখী হয়ে অতীন্দ্রিয় সুখের আনন্দানুভব উদযাপন করো। অথবা সেবাতে মহাদানী হয়ে আত্মাদের প্রতি মহাদান দিতে দিতে উদযাপন করো, কিংবা নিজেদের মধ্যে অধ্যাত্ম আলাপচারিতা করো, ড্যান্স করো, সম্বন্ধ সম্পর্ক দ্বারা পরস্পরের বিশেষত্ব দেখো, বিশেষত্বের সুগন্ধ নাও, সদা পালন করাই উদযাপন। নষ্ট করার সময় সমাপ্ত হয়ে গেছে। এটা নষ্ট করার যুগ তো নয়, তাই না? এখন উদযাপনের এবং উপার্জনের যুগ, জমা করার যুগ। তো বাপদাদা সদা সব বাচ্চাকে দেখেন তারা উদযাপন করছে। যে কোনও রূপে উদযাপন করতেই হবে, কারণ সঙ্গমেই হারানো এবং পালন, দুইয়ের নলেজ আছে। সেইজন্য হারানোর পর আবার উদযাপন করা, তার মহত্ব আছে। এখন হারানোতে বিন্দু লাগাও। স্টপ। হারানো উচিত নয়। একটা সংকল্পও নষ্ট হতে দিও না। উপার্জনের সময়ে নষ্ট করবে তো উপার্জন করবে কখন? আবার তো আর সময় থাকবে না। চেক করো যে সমুদয় ভান্ডার আছে, সবচাইতে বড় ভান্ডার কোনটা? সংকল্প, সময়, জ্ঞানের ভান্ডার তোমাদের প্রত্যক্ষ জীবনে আসতে দাও। জ্ঞান শোনা এবং শোনানো এটা ফার্স্ট স্টেজ, কিন্তু জ্ঞান অর্থাৎ নলেজ। নলেজকে কী বলো তোমরা? নলেজ লাইট, নলেজ মাইট, বলো তো না! সুতরাং জ্ঞান বা নলেজের অর্থ হলো, সংকল্পে, বোলে, কর্মে লাইট আর মাইট থাকবে, তবে বলা হবে নলেজফুল।

কুমারীরা নলেজফুল হতে চলেছো, তাই না? শুধু কোর্স করানোর মতন হয়ো না। কেবল ভাষণ দেবে তেমন হয়ো না। সেইসঙ্গে নলেজের লাইট- মাইট যেন সংকল্প, বোল আর কর্মে থাকে। কুমারীদের প্রতি তো বাপদাদার বিশেষ ভালোবাসা রয়েছে। কেন? কুমারীরা নিজেদের জীবনের সিদ্ধান্ত নিয়ে নিয়েছে। সিদ্ধান্ত নিয়েছ নাকি নেবে? ভালো করে ভেবে নিয়েছ, নাকি ওখানে ফিরে গিয়ে ভাববে? পাক্কা ভেবে নিয়েছো তো অভিনন্দন তোমাদের। দেখো, এত তৈরি হ্যান্ডস পাবে তোমরা! যে কুমারীরা ট্রেনিং নিচ্ছে তারা হাত উঠাও। সংখ্যায় কত? (৮০) যারা এখনো সেবাতে নিয়োজিত হওনি, সেন্টার সামলায় না তারা হাত তোলো। গুনতি করো। অর্ধেক রয়েছে। আচ্ছা এত হ্যান্ড তোমরা পাবে তো না! রাইট হ্যান্ড নাকি লেফ্ট হ্যান্ড? তোমরা রাইট হ্যান্ড হবে, তাই না! সেটা ভালো। কুমারী তো না, তাইতো বাপদাদা কুমারীদের সেন্টারের ঘরও দেন আর বর তো প্রাপ্ত হয়েই গেছে। সদা ঘর আর বর দুইই চাই। কুমারীদের বর তো প্রাপ্ত হয়েই গেছে,

এখন ঘরও পাবে, সেন্টারও পাবে। কুমারদেরও প্রাপ্ত হয়। কুমাররা ভাবে আমরা পিছনে কেন? পিছনে না তোমরা সামনে আছ। কুমার ব্যতীত সেবাই বা কোথায় চলে! যে কোনও সেন্টারে দেখ, যদি হার্ড ওয়ার্কার কুমার না থাকে তবে বোনেরা কিছু করতে পারে না। উভয়কেই প্রয়োজন। সেইজন্য পান্ডবের নাম আছে তো শক্তিরও নাম আছে। উভয়ের নাম আছে। আচ্ছা।

এই সময় তোমরা প্রত্যেক আত্মার প্রতি হৃদয়বান এবং দাতা হয়ে তাদেরকে কিছু না কিছু দিতেই হবে, তা' সেটা মন্সা সেবা দ্বারা দাও, অথবা শুভ ভাবনা দ্বারা দাও, শ্রেষ্ঠ সকাশ দেওয়ার বৃত্তি দ্বারা দাও, কিংবা আধ্যাত্মিক শক্তিসম্পন্ন বোল দ্বারা দাও, বা নিজের স্নেহসম্পন্ন সম্বন্ধ-সম্পর্ক দ্বারা দাও, কিন্তু কোনও আত্মা যেন বঞ্চিত না থাকে। দাতা হও, সহৃদয় হও। কাতর চিৎকার করছে। বাবার সামনে নিজের নিজের ভাষাতে আর্তনাদ করছে - শান্তি দাও, স্নেহ দাও, হৃদয়ের ভালবাসা দাও, সুখের কিরণ দেখাও। তো বাবা কীভাবে দেবেন? তোমরা সব বাচ্চার দ্বারাই দেবেন তো না! সবাই তোমরা বাবার রাইট হ্যান্ড, তাই না! পান্ডব তোমরা রাইট হ্যান্ড? তোমরা রাইট হ্যান্ডের স্মারক রূপ। জানো তোমরা কোন স্মারক? বিরাট রূপের চিত্র দেখেছ তোমরা, তো তা'তে কত হাত দেখায়! তাহলে তোমরা রাইট হ্যান্ডের চিত্র তো না! কুমারী, তার মধ্যে তোমাদের ছবি আছে, আছে না? তো এখন বাবা রাইট হ্যান্ডস্ দ্বারা আত্মাদের আঁজলাভরা সুখ শান্তি দেওয়াবেন, তাই না! অসহায়দের আঁজলাভরেও যদি না দেবে তো মর্মপীড়ায় কত ছটফট করবে! এখন সবাই সীমাবদ্ধ বিষয়ের ঊর্ধ্বে উঠে যাও। অল্প পরিসরের বিষয়ে, অল্প পরিসরের সংস্কারের মধ্যে সময় নষ্ট ক'রো না। হতে পারে বাচ্চারা এখানে বসে আছে, নতুবা সেন্টার্সে বসে আছে, দেশে আছে অথবা বিদেশে আছে, কিন্তু বাপদাদা আজও সব বাচ্চাকে সহৃদয় ভাবনা দ্বারা ইঙ্গিত দিচ্ছেন - বাপদাদা সব বাচ্চার সীমিত পরিসরের সমস্ত বিষয়, সীমিত পরিসরের স্বভাব-সংস্কার, হট্টগোল করা বা চাতুর্যপূর্ণ সংস্কার, গড়িমসি করার সংস্কার বহু সময় ধরে দেখছেন, কিছু বাচ্চা মনে করে সবকিছু ঠিক চলছে, কে দেখছে! কে জানে! কিন্তু এখনো পর্যন্ত বাবা করুণাময়, সেইজন্য সবকিছু দেখেও, শুনেও করুণা করছেন। কিন্তু বাপদাদা জিজ্ঞাসা করেন শেষ পর্যন্ত কতদিন বাপদাদা করুণাময় থাকবেন? কতদিনের জন্য? আরও টাইম চাই কি? বাবার কাছে সময়ও জিজ্ঞাসা করে শেষমেষ কত সময় পর্যন্ত? প্রকৃতিও জিজ্ঞাসা করে। জবাব দাও তোমরা। জবাব দাও। এখন তো শুধু বাবার রূপ চলছে, শিক্ষক আর সদ্গুরু তো আছেনই। যতই হোক, বাবার রূপ চলছে, ক্ষমার সাগরের পার্ট চলছে। কিন্তু যদি ধর্মরাজের পার্ট চলে তবে? কী করবে? বাপদাদা এটাই চান যে ধর্মরাজের পার্টেও বাহ্! বাচ্চারা বাহ্!- এর আওয়াজ কানে গুঞ্জিত হোক। পরে আবার বাবাকে অভিযোগ ক'রো না। বাবা, আপনি বলেননি, আমরা তৈরি হয়ে যেতাম তো না! সেইজন্য এখন সীমিত পরিসরের তুচ্ছ বিষয়ে, স্বভাবে, সংস্কারে সময় নষ্ট ক'রো না। সবকিছু ঠিক চলছে, ঠিক আছে, না, এটা জমা হতে থাকে, দ্বিগুণ, ত্রিগুণ, শতগুণে জমা হতে থাকে। যেমন এটা হতে হবে তেমন চলছে না। সেইজন্য এই দৃঢ় সংকল্পের হৃদয়ে দীপ জ্বালাও। তোমাদের বৃত্তি, দৃষ্টি, কৃতি সসীম থেকে অসীম বানাতেই হবে। সেইজন্য বাপদাদা বলেন, তোমাদের এরকমই বানাতে হবে। আজ বাবা বলছেন এটা বানাতে হবে, এর পরে কী বলবেন? টু লেট। সময়কে দেখো, সেবা দেখো, সেবা বাড়ছে, সময় সামনে ছুটছে। কিন্তু তোমরা নিজেরা সীমিত পরিসরে রয়েছো, নাকি অসীম জগতে? সীমিত পরিসরের বিষয়ের পিছনে ছুটো না।

এই বছরে এই সময় পর্যন্ত তোমরা যা করেছো, তার জন্য বাপদাদা সন্তুষ্ট, তোমাদের সাধুবাদও দেন। কিন্তু এখন সেবাতে অনুভূতি করানো, বহ্নিশিখার উপরে পতঙ্গ বানানো, তাদের সহযোগী বানাও কিংবা সাথী বানাও, তাদের কিছু হতে দাও। অনুভূতির খনি খোলো। এটা ভালো - এই পর্যন্ত ঠিক আছে। যতই হোক, তারা যেন এমন না হয় যে বহ্নিশিখার চারপাশে শুধু চক্রবৎ ঘুরবে। তারা শক্তিশালী পতঙ্গ হবে - অনুভূতির কোর্স করানোর দ্বারা। তাদের এতটা অনুভূতি হয় - খুব ভালো, স্বর্গের মতো। এটাই যথাযথ জ্ঞান, এটাই নলেজ, এতদূর পর্যন্ত সেবার রেজাল্ট ভালো। এখন অনুভূতি স্বরূপ হয়ে অনুভূতি করাও। অনুভবকারী অর্থাৎ যারা বাবার সাথে ডাইরেক্ট সম্বন্ধ রাখে। এমন অনুভাবী পতঙ্গ তৈরি করো। সহযোগী বানিয়েছো, তার জন্য অভিনন্দন, আরও তৈরি করো। এটাই সেই স্থান যেখান থেকে প্রাপ্তি হতে পারে - এতটা তারা বিশ্বাস করে কিন্তু বাবার সাথে ন্যূনতম কানেকশন তো জুড়ে দাও, যাতে বহ্নিশিখার পিছনেই দৌড়াতে থাকে। তো এই বছরে বাপদাদা বিশেষভাবে চান সেবাতে কোর্স করাতে। এর থেকেই সাক্ষাৎকারও হবে আর স্বয়ং বাবা প্রত্যক্ষ হবেন। শুনেছো, কী করতে হবে? প্ল্যান পেয়েছো? এখন, আমরা এই বছরের রেজাল্ট দেখবো। আচ্ছা।

*বরদানঃ-* উৎসাহ-উদ্দীপনার সাথে বিশ্ব কল্যাণের দায়িত্ব পালন করে আলস্য এবং গড়িমসি ভাব থেকে মুক্ত ভব

নতুন হোক বা পুরানো হোক, ব্রাহ্মণ মানে বিশ্ব কল্যাণের দায়িত্ব নেওয়া। যখন কোনও দায়িত্ব থাকে তখন তোমরা তীব্রগতিতে দায়িত্ব পালন করো, দায়িত্ব না থাকলে গড়িমসি ভাব থাকে। দায়িত্ব গড়িমসি আর আলস্য সমাপ্ত করে দেয়। যাদের উৎসাহ-উদ্দীপনা থাকে তারা ক্লান্তিহীন হয়। তারা নিজেদের চেহারা আর

